# শালা সিদ্ধি
# বিকাশ সাধনের জন্য মূল্যায়ন

## বিদ্যালয়ের স্বকীয় মূল্যায়নের নির্দেশাবলি

রাষ্ট্রীয় শৈক্ষিক পরিকল্পনা এবং প্রশাসনিক বিশ্ববিদ্যালয় নতুন দিল্লি

শালা সিদ্ধির প্রধান দলের সদস্যবৃন্দ—
প্রফেসর প্রণতি পাণ্ডা
ড° রশ্মিতা দাস সোয়াইন
ড° অক্ষয় কুমার
শ্রীমতি সোনালি হাজরা
শ্রীমতি সৌম্য সালোনী
শ্রীমান বিশ্ববাসু সোয়াইন
শ্রীমতি ললিতা

শালা সিদ্ধি
উৎকর্ষ সাধনের জন্য মূল্যায়ন
বিদ্যালয়ের মানদন্ড এবং মূল্যায়নের একক রাষ্ট্রীয় শৈক্ষিক পরিকল্পনা এবং প্রশাসনিক বিশ্ববিদ্যালয়
(বিশ্ববিদ্যালয় অনুদান আয়োগ, ১৯৫৬ এর ৩নং ধারার অধীনে ভারত সরকার কর্তৃক ঘোষিত)
নিউপা প্রথম প্রকাশ ঃ আগষ্ট ২০১৭
রাষ্ট্রীয় শৈক্ষিক পরিকল্পনা ও প্রশাসনিক বিশ্ববিদ্যালয় (নিউপা)র নিবন্ধক কর্তৃক প্রকাশিত
১৭- বি, শ্রী অরবিন্দ মার্গ, নতুন দিল্লী-১১০০১৬, (নিউপা) কর্তৃক পরিকল্পিত এবং ভিভা প্রেস প্রাঃ লিঃ ওখলা ঔদ্যোগিক এলাকা, ২য় পর্যায়, নতুন দিল্লী-১১০০৪৯ কর্তৃক মুদ্রিত বিদ্যালয়ের স্বকীয় মূল্যায়নের নির্দেশাবলি

বিদ্যালয়ের স্বকীয় মূল্যায়ন

স্বকীয় মূল্যায়নকে বিদ্যালয় মূল্যায়নেৰ কেন্দ্রবিন্দু হিসাবে গণ্য করা হয়। একটি বিদ্যালয়কে তার গুরুত্বপূর্ণ প্রদর্শনের ক্ষেত্রগুলির মান নিরূপণের ক্ষেত্রে এই প্রক্রিয়াটি অত্যন্ত সহায়ক।

নির্ভূল এবং ন্যায়সঙ্গত পেশাদারিত্বের জন্য বিদ্যালয়কে এই নির্দেশাবলি অনুসরণ করতে হবে।

বিদ্যালয়ের স্বকীয় মূল্যায়ন প্রক্রিয়াটেকে সু-সংবদ্ধ এবং নির্দেশিত পদ্ধতিতে সম্পাদন কৰানোই হ'ল এই নির্দেশাবলির লক্ষ্য।

স্বকীয় মূল্যায়ন অনুষ্ঠিত করার পূর্বে বিদ্যালয়কে যে মূল প্রশ্নগুলির প্রতি প্রতিফলন ঘটাতে হবে।

- সাম্প্রতিক আমাদের বিদ্যালয়ের প্রদর্শন কীরূপে?
- আমাদের বিদ্যালয়ের ক্ষমতা কী?
- বিদ্যালয়ের কোন ক্ষেত্রেগুলির উন্নয়নের প্রয়োজন?
- সাম্প্রতিক পরিস্থিতির বিষয়ে জানার জন্য আমাদের কাছে কী কী স্বাক্ষ প্রমাণ রয়েছে?
- আমাদের বিদ্যালয়ের প্রদর্শনের মূল্যায়ন আমরা কীভাবে করতে পারি?
- আমাদের বিদ্যালয়ের প্রদর্শনের উৎকর্ষ সাধনের জন্য আমরা কী কী পন্থা অবলম্বন করতে পারি?

**বিদ্যালয়ের স্বকীয় মূল্যায়নের উদ্দেশ্য ঃ**

বিদ্যালয়ের স্বকীয় মূল্যায়নের উদ্দেশ্য হল—

- বিদ্যালয়কে প্রণালিবদ্ধ এবং নির্দেশিতভাবে নিজের ক্ষমতাগুলির বিষয়ে পরিচয় করানো এবং উৎকর্ষ সাধনের ক্ষেত্রগুলির পরিকল্পনা প্রস্তুত করতে সক্ষমতা ও কর্তৃত্বশীল করে তোলা

- সকল সক্রিয় অংশীদার  সমন্বয়ে পেশাদারী সিদ্ধান্ত গ্রহণ এবং পরামর্শের জন্য একটি সৃজনাত্মক সহযোগিতার পরিৰেশ গড়ে তোলা।
- প্রতিনিয়ত কার্য করার জন্য বিদ্যালয়কে সুযোগ প্রদান করা এবং ক্রমবর্ধমান কর্মপন্থাৰ জন্য উপযুক্ত নির্দেশ।

**বিদ্যালয়ের স্বকীয় মূল্যায়ন কে করবে?**

স্বকীয় মূল্যায়নের প্রক্রিয়ার সঙ্গে সম্পূর্ণ বিদ্যালয়কে জড়িত হতে হবে। এই প্রক্রিয়ায় বিদ্যালয়ের প্রধান শিক্ষক/অধ্যক্ষ শিক্ষক-শিক্ষয়িত্রী, মাতা-পিতা, বিদ্যালয় পরিচালনা সমিতি বিদ্যালয় পরিচালনা সমিতি/বিদ্যালয় পরিচালনা ও উন্নয়ন সমিতি এবং সমাজের সদস্যদেরও অংশগ্রহণ করা উচিত। স্বকীয় মূল্যায়ন প্রক্রিয়া চালাকালীন প্রাসঙ্গিক ক্ষেত্রেদের সঙ্গে জড়িত অংশীদারদের সঙ্গে পরামর্শমর্মে নির্দিষ্ট সিদ্ধান্তে উপনীত হবেনা।

**ওয়ের পোর্টেলে ড্যাশবোর্ড আপলোড করা এবং স্বকীয় মূল্যায়ন প্রক্রিয়াদ মেয়াদ কী হবে?**

বিদ্যালয় মূল্যায়নকে অবিরত প্রক্রিয়া হিসাবে গণ্য করা যদি এই প্রক্রিয়া অনুষ্ঠিত করা হয় তবে তা অধিক কার্যকরী হয়। বিদ্যালয়ের আকার-আয়তন এবং প্রয়োজনানুযায়ী স্বকীয় মূল্যায়নের মেয়াদ ২-৬ মাস পর্যন্ত হতে পাৰে। বিদ্যালয়গুলির প্রস্তুতি সাপেক্ষে স্ব-মূল্যায়ন প্রক্রিয়া সম্পন্ন করে ড্যাশবোর্ড আপলোড করবে। যাই হোক রাজ্যর দ্বারা নির্ধারিত নির্দিষ্ট সময়সীমার মধ্যে এই প্রক্রিয়া সম্পন্ন করা বাঞ্ছনীয়।

**বিদ্যালয়ের স্বকীয় মূল্যায়নের প্রক্রিয়া ঃ**

**সজাগতার বিকাশ ঃ**

স্বকীয় মূল্যায়নর প্রাথমিক প্রয়োজনীয়তা হল সজাগতার বিকাশসাধন করা। বিদ্যালয়গুলিতে নিম্নলিখিত সূচকগুলির উপর আলোকপাত করে স্বকীয় মূল্যয়নের জন্য কর্মপন্থা গ্রহণ করা উচিত।

১) বিদ্যালয়ের স্বকীয় মূল্যায়নের উদ্দেশ্য এবং বিদ্যালয়ের উৎকর্ষ সাধনের সুদূৰপ্রসারী সুফল সম্পর্কে সকল অংশীদারদের মধ্যে অলোচনা হওয়া উচিত।

২) স্বকীয়সকল সদস্যদের স্বকীয় মূল্যায়নের রূপরেখাটি গুৰুত্ব সহকারে পাঠ করা উচিত এবং বাস্তৱসন্মতভাৱে তা বোঝা উচিত।

৩) মুক্ত ও অকপট ভোট আলোচনার জন্য বিদ্যালয়কে উপযুক্ত পরিৰেশ প্রদান করা উচিত।

৪) রাজ্যসমূহের দ্বারা গৃহীত পদক্ষেপ, সরকারী আদেশ এবং প্রাসঙ্গিক ও বাধ্যতামূলক নীতি সম্পর্কে বিদ্যালয়গুলির তরফে আলোচনা হওয়া উচিত।

৫) স্বচ্ছতা এবং বস্তুনিষ্ঠতার উপর গুরুত্ব আরোপ করা উচিত।

বিদ্যালয়ের স্বকীয় মূল্যায়নের জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলি বিদ্যালয়ের তরফ থেকে গ্রহণ করতে পারে—

**১ম পদক্ষেপ ঃ**

**মূল ক্ষেত্রসমূহের জন্য স্বকীয় মূল্যায়ন অনুষ্ঠিত করা ঃ**

১.১ স্বকীয় মূল্যায়ন প্রক্রিয়া অনুষ্ঠিত করার জন্য বিদ্যালয়কে ঃ

- প্রত্যেক মূল ক্ষেত্রের জন্য পৃথকভাবে আলোচনা করতে হবে।
- প্রত্যেক মূল ক্ষেত্রের ভূমিকা সম্পর্কে পৃথকভাবে অলোচনা করবেন এবং তার বিশেষত্ব এবং পরিকাঠামো সম্পর্কেও আলোচনা করবেন।
- প্রত্যেক মূল ক্ষেত্রের প্রকৃত তথ্যসমূহ পূরণ করবেন। এই তথ্যসমূহ বিদ্যালয়ে স্বকীয় ব্যবহারের জন্য প্রয়োজন।
- প্রত্যেক মূল ক্ষেত্রের মানক হিসাবে প্রতিটি মুখ্য মানদণ্ডের
- শ্রেণীবদ্ধ পদ্ধতিতে লিখিত বিবরণী ব্যবহার করে মুখ্য মানদণ্ডগুলি ব্যাখ্যা করুন।

**২য় পদক্ষেপ ঃ**

**পেশাদারী সিদ্ধান্ত গ্রহণ ঃ**

২.১ প্রকৃত তথ্য এবং প্রাথমিক উৎসের উপর ভিত্তি করে প্রত্যেক মূখ্য মানদণ্ডের জন্য বিদ্যালয়কে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

২.২ বিদ্যালয়কে এমন প্রমাণ একত্র করতে হবে যার মাধ্যমে তার স্তর নির্ধারণ করা যাবে। বিদ্যালয়কে প্রমাণের উৎসসমূহে একটি সূচিত তৈরী করতে হবে যার মাধ্যমে নিম্নলিখিত বর্গে সিদ্ধান্ত গ্রহণ সম্ভৱ হবে।

- প্রাসঙ্গিক প্রমাণ (নিয়ম/নির্দেশনাবলি/রেজিস্টার/সরকারী আদেশ)
- বিদ্যালয়ে উপলব্ধ সহায়ক প্রমাণ/সাক্ষ
- এমন প্রমাণ যা বিদ্যালয়কে স্বকীয়ভাবে নির্মাণ করতে হয় (শ্রেণীকক্ষ পর্যবেক্ষণ, বিদ্যালয় পরিচালনা সমিতি, মাতা-পিতা, শিক্ষার্থীদের মতামত ইত্যাদি)

২.৩ বিবরণীগুলি বিশ্লেষণেৰ মাধ্যমে বিদ্যালয় নিজেকে মুখ্য মানদণ্ডের নির্দিষ্ট পর্যায়ে স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করবে; এটা করতে গিয়ে উপলব্ধ প্রকৃত তথ্য ও প্রমাণের প্রাসঙ্গিকতাকে বিচারের আওতায় নিয়ে আসতে হবে।

২.৪ বিদ্যালয় নিজেকে মুখ্য মানদণ্ডের কোনো এক নির্দিষ্ট স্তরে স্থাপনের সময় সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

**৩য় পদক্ষেপ ঃ**

**প্রতিক্রিয়া ছাঁচ ঃ**

**বিদ্যালয়ের কার্যপ্রণালীর সঙ্গে পরিচয় ও নথিভুক্তকরণ ঃ**

৩.১ প্রত্যেক মূল ক্ষেত্রের জন্য প্রদত্ত প্রতিক্রিয়ার প্রতিক্রিয়া ছাঁচই বিদ্যালয় তার সিদ্ধান্ত নথিভুক্ত করবে। বর্তমানে বিদ্যালয়টি সংশ্লিষ্ট মূল ক্ষেত্রের কোন পর্যায়ে কার্যকরী হয়ে আছে তার একটি সম্পূর্ণ প্রতিচ্ছবি তুলে ধরবে এই প্রতিক্রিয়ার ছাঁচ।

৩.২ প্রত্যেক মূল ক্ষেত্রের প্রতিক্রিয়ার ছাঁচকে প্রাসঙ্গিক হিসাবে নিয়ে, বিদ্যালয় উৎকর্ষ সাধনের জায়গায়গুলি চিহ্নিত করবে এবং নিম্ন মধ্য এবং উচ্চ (L/M/H) হিসাবে সেগুলিকে প্রাধান্য দেবে। (টিকা ঃ প্রাধান্য সংক্রান্ত সিদ্ধান্তগুলি বিদ্যালয়ের তাৎক্ষণিক প্রয়োজনীয়তা, সরকারী নির্দেশ, স্থানীয় পরিস্থিতি, বিদ্যালয়ের নিজস্ব সীমাবদ্ধতাও সম্পদের উপর নির্ভৰশীল) প্রাধান্যের ভিত্তিতে বিদ্যালয় তার ভবিষ্যৎ কর্মপন্থা/ কার্যকলাপসমূহের প্রস্তাৱ গ্রহণ করবে যার নির্দিষ্ট এবং আগামী তিন বৎসরে (বর্ষ ১.২ এবংও) বিশেষ মুখ্য মানদণ্ডের উৎকর্ষ সাধন করবে।

৩.৩ প্রত্যেক মানদন্ডের বিপরীতে উৎকর্ষ সাধনেরে ক্ষেত্রগুলি বিদ্যালয়কে চিহ্নিত করতে হবে। এর জন্য বিদ্যালয়ের দ্বারা চিহ্নিত স্তরের ফাঁকগুলিকে গুরুত্ব সহকারে বিবেচনা করা উচিত। তার সঙ্গে সমান্তরালভাবে সেই ক্রিয়াকলাপগুলিও ঠিক করে নেওয়া উচিত যার দ্বারা উৎকর্ষ সাধনের মাধ্যমে অপেক্ষাকৃত উচ্চ স্তরে উপনীতে হওয়া যায়।

৩.৪ বিদ্যালয় দ্বারা গৃহীত কোনো নতুন ব্যবস্থাপনা নথিভুক্ত করা উচিত, যদি;

- কোনো মুখ্য মানদন্ডের বিপরীতে তার প্রদর্শন তৃতীয় স্তর অতিক্রম করে বা তার থেকেও উন্নত হয়।
- ক্ষেত্রের সঙ্গে জড়িত অন্য কোনো নতুন উদ্ভাৱন লাভের চেষ্টা করে।

৩.৫ ড্যাশবোর্ড পূরণের জন্য বিদ্যালয়কে প্রতিক্রিয়ার ছাঁচে দায়ের করা প্রকৃত তথ্য এবং উৎকর্ষ সাধন পরিকল্পনার জন্য প্রস্তুত সারনী ইত্যাদির মত নথির ব্যবহার করা উচিত।

**৪র্থ পদক্ষেপ ঃ**

**বিদ্যালয় ড্যাশবোর্ডকে হার্ড কপিতে ভরানো**

অনুগ্রহ করে ক্ষেত্রভিত্তিক তথ্য সম্বলিত ড্যাশবোর্ডের প্রতিলিপি বিদ্যালয়ে রাখুন

৪.১ বিদ্যালয়ের প্রাথমিক তথ্য

বিদ্যালয়রে প্রাথমিক তথ্যগুলি হল বিদ্যালয়ের সার্বিক অবস্থা সম্পর্কে জানার পূর্বশর্ত।

বিদ্যালয়ের মূল প্রদর্শনের ক্ষেত্রগুলির সঙ্গে শিক্ষার্থীদের শেখার ফলাফল, এবং শিক্ষক-শিক্ষয়িত্রীদের প্রাথমিক তথ্যগুলি ওতোঃপ্রতোভাবে জড়িত।

**জ্যামিতি পরিলেখা ঃ**

- শিক্ষার্থীদের জনমিতি পরিলেখ শিক্ষার্থীদের সামাজিক, আর্থিক, এবং পরিকাঠামোর সামগ্রিক প্রতিচ্ছবি প্রদান করে। এটি বিদ্যালয়ে আসা শিক্ষার্থীরে ধরণ বোঝার কৃষ্টিকে উন্নীত করে।
- বিদ্যালয়েক অনুসূচিত জাতি/অনুসূচিত জনজাতি/অন্যান্য অনগ্রসর শ্রেণি () সাধাৰণ ও সংখ্যালঘু শিক্ষার্থীদের সংখ্যা মোট শিক্ষার্থীদের সংখ্যার সঙ্গে যোগ করা উচিত নয়।

শিক্ষার্থীদের পরিলেখ ও শেখার ফলাফল ঃ

- শিক্ষার্থীদের উন্নতি, উৎকর্ষ এবং সাফল্য শেখন ফলাফলের দ্বারা নির্ধারিত হয়া এটি বিদ্যালয়ের প্রদর্শনের স্তর নির্ধারমেরও একটি গুরুত্বপূর্ণ কারক।
- বিদ্যালয়কে শ্রেণিভিত্তিক প্রত্যেক শিক্ষার্থীর শেখার ফলাফলকে শতাংশ হিসাবে গণনা করে নির্দিষ্ট পরিশরে সেগুলিকে স্থাপন করা উচিত। উদাহরণ স্বরূপে ধরা থাক, প্রথম শ্রেণিতে ৫০ জন শিক্ষার্থী আছে। যাদের মধ্যে ২ জন (৪৮ শতাংশ) শিক্ষার্থী ১০ নম্বর (অর্থাৎ ২০ শতাংশ নম্বর) এবং ১২ (২৪ শতাংশ) নম্বর লাভ কৰিছে। এর থেকে বোঝা যায় যে ৪ শতাংশ শিক্ষার্থী ৩৩ শতাংশেরও কম নম্বর প্রাপ্ত ছাত্র-ছাত্রীদের অন্তর্ভুক্ত।
- শেখন ফলাফল বার্ষিক একীভূত প্রতিবেদন ভিত্তিক হবে। (একটি শিক্ষাবর্ষের বার্ষিক ফলাফল) উদাহরণস্বরূপে যদি কোনো বিদ্যালয় একটি নির্দিষ্ট শিক্ষাবর্ষের যেকোনো সময়ে বা যে কোনো মাসে ড্যাশবোর্ড পূরণ করে, তাহলে বিদ্যালয়ের কাছে থাকা বার্ষিক একীভূত প্রতিবেদন ব্যৱহার করে ড্যাশবোর্ড পূরণ করা বাধ্যতামূলক। (আগের বছরের শিক্ষাবর্ষের প্রতিবেদন) শ্রেণিভিত্তিক বার্ষিক উপস্থিতিৰ হার বার্ষিক উপস্থিতির হার ছাত্র-ছাত্রীদের বিদ্যালয় প্রক্রিয়ায় এবং অংশীদারিত্ব নিশ্চিত করে। ছাত্র-ছাত্রীদের উপস্থিতি তাদের উন্নতি, উপলব্ধি ও সম্পূর্ণ বিকাশের সঙ্গে জড়িত।
- বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের বার্ষিক উপস্থিতির হারের গণনা (ছেলে ও মেয়েদের জন্য আলাগা আলাগা) উপস্থিতি রেজিষ্টারে করানো উচিত।
- বিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীদের শ্রেণিভিত্তিক উপস্থিতি বার্ষিক উপস্থিতি উপলব্ধ হওয়া উচিত। উদাহরণ স্বরূপে ঃ যদি একটি শিক্ষা বর্ষের যেকোনো সময়ে অথবা মাসে ড্যাশবোর্ড পূরণ করা হয়, তবে বিদ্যালয়ে জন্য ছাত্র-ছাত্রীদের বছরের বার্ষিক উপস্থিতির হারের পথিকে লিপিবদ্ধ করা বাধ্যতামূলক।

$$\text{বার্ষিক উপস্থিতির হার} = \frac{\text{সকল ছাত্র-ছাত্রীদের মোট বার্ষিক উপস্থিতি}}{\text{সকল ছাত্র-ছাত্রীদের সংখ্যা} \times \text{বার্ষিক শিক্ষামূলক দিন} \times ১০০}$$

(উপস্থিতির হার গণনা করার উদাহরণ) ধরে নেওয়া থাক,

- মোট বার্ষিক শিক্ষামূলক দিনের সংখ্যা = ২২০
- শ্রেণিকক্ষের মোট ৫০ জন ছাত্র-ছাত্রীর মোট বার্ষিক উপস্থিতি = ৯৮৫০
- ছাত্রের সংখ্যা = ৩০, ছাত্রের মোট বার্ষিক উপস্থিতি = ৬২০০
- ছাত্রের সংখ্যা = ২০, ছাত্রের মোট বার্ষিক উপস্থিতি = ৩৬৫০

ছাত্র $\text{বার্ষিক উপস্থিতির হার} = \frac{\text{সকল ছাত্রের মোট বার্ষিক উপস্থিতি}}{\text{ছাত্রের সংখ্যা} \times \text{বার্ষিক শিক্ষামূলক দিন} \times ১০০}$ $\text{বার্ষিক উপস্থিতির হার} = \frac{৬২০০}{৩০\times২২০\times১০০} = ৯৩.৯৪\%$

ছাত্র $\text{বার্ষিক উপস্থিতির হার} = \frac{\text{ছাত্রীদের মোট বার্ষিক উপস্থিতি}}{\text{ছাত্রীর মোট সংখ্যা} \times \text{বার্ষিক শিক্ষামূলক দিন} \times ১০০}$ $\text{বার্ষিক উপস্থিতির হার} = \frac{৩৬৫০\times১০০}{২০\times২২০} = ৮২.২৫\%$

ছাত্র $\text{বার্ষিক উপস্থিতির হার} \quad \frac{\text{সকল ছাত্রের মোট বার্ষিক উপস্থিতি}}{\text{সকল ছাত্রের সংখ্যা} \times \text{বার্ষিক শিক্ষামূলক দিন} \times ১০০}$ $\text{বার্ষিক উপস্থিতির হার} = \frac{৯৮৫০}{৫০\times৩২০} \times ১০০ = ৮৯.৫৫\%$

**টিকা ঃ** ছেলে এবং মেয়েদের বার্ষিক উপস্থিতির হার পৃথক পৃথকভাবে গণনা করতে হবে।

- বিদ্যালয়ের প্রত্যেক শিক্ষামূলক দিনের সকল ছাত্র-ছাত্রীদের গড় উপস্থিতিই বিদ্যালয়ে উপস্থিতির হার গণনায় ব্যবহৃত হয়।
- শ্রেণিভিত্তিক বার্ষিক উপস্থিতির হার বিদ্যালয়ে ছাত্র-ছাত্রীদের উপস্থিতির স্থৈর্যকে প্রতিফলিত করে।
- এটি গুরুত্বপূর্ণ কারণ বিদ্যালয়ের উপস্থিতির স্থৈর্যের উপরই ছাত্র-ছাত্রীদের বিদ্যার্জনের সফলতার সম্ভাবনা অধিক।
- সূতরাং বার্ষিক উপস্থিতির হার সামগ্রিকভাবে একটি শ্রেণির শেখার ফলাফলের উপর প্রভাব বিস্তার করে।

**মূল বর্ষয়ে প্রদর্শন**

**যুক্তসহ ব্যাখ্যা ঃ**

- মূল বিষয়ের প্রদর্শন (বার্ষিক) ছাত্র-ছাত্রীদের আপেক্ষিক সাফল্যকে প্রতিবিম্বিত করে।
- বিদ্যালয়ে ধারাবাহিকভাবে দুর্বল কৃতিত্ব প্রদর্শনের বিষয়গুৰি যেগুলিতে ভবিষ্যতে হয়তো উৎকর্ষ সাধনের প্রয়োজন হবে সেই বিষয়গুলির উপরেও এটি আলোকপাত করে।
- এটি বিদ্যালয়ের সকল ক্ষেত্রের ব্যাপক প্রদর্শনের সঙ্গে নিবিড়ভাবে জড়িত।

নির্দেশ ঃ

নিম্ন উল্লিখিত মানদণ্ড অনুযায়ী বিদ্যালয়কে মুখ্য বিষয়ে যেমন- ভাষা-১, ভাষা-২, গণিত, বিজ্ঞান এবং সমাজ বিজ্ঞান ইত্যাদিতে ছাত্র-ছাত্রীদের প্রদর্শনের হারসহ প্রত্যেকটি গ্রেডে (এ বি চি ডি ই) সাফল্যের হার প্রদান করা উচিত।

**গ্রেড এ ঃ** মুখ্য বিষয়ে যে সফল ছাত্র-ছাত্রীরা ৮১-১০০ শতাংশ নম্বর লাভ করেছে তাদের হার।

**গ্রেড বি ঃ** মুখ্য বিষয়ে যে সকল ছাত্র-ছাত্রীরা ৬১-৮০ শতাংশ নম্বর লাভ করেছে তাদের হার

**গ্রেড চি ঃ** মুখ্য বিষয়ে যে সকল ছাত্র-ছাত্রীরা ৪১-৬০ শতাংশ নম্বর লাভ করেছে তাদের হার

**গ্রেড ডি ঃ** মুখ্য বিষয়ে যে সকল ছাত্র-ছাত্রীরা ৩৩-৪০ শতাংশ নম্বর লাভ করেছে তাদের হার

**গ্রেড ই ঃ** মুখ্য বিষয়ে যে সকল ছাত্র-ছাত্রীরা ৩২ শতাংশ নম্বর লাভ করেছে তাদের হার

**শিক্ষক-শিক্ষয়িত্রীদের প্রোফাইল ঃ**

**যুক্তসহ ব্যাখ্যা ঃ**

- শিক্ষক-শিক্ষয়িত্রীদের পেশাদারী প্রশিক্ষণ বিদ্যালয় শিক্ষার মানদণ্ডকে সুনিশ্চিত করচে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং এটি শিক্ষার্থীদের শৈক্ষিক সফলতার সবচেয়ে গুরুত্বপূর্ণ বিদ্যালয়ভিত্তিক কারক।
- শিক্ষক-শিক্ষয়িত্রীরা যদি কোনো কারণে ছুটি হোক করা নিয়ে বিদ্যালয়ে অনুপস্থিত থাকেন, সেই ছুটি কার্যালয়ের দ্বারা অনুমোদিত প্রশিক্ষণে উপস্থিত থাকার জন্য হোক বা অনুমোদিত ছুটিই থেক না কেন, সেই অনুপস্থিতির সরাসরি প্রভাব ছাত্র-ছাত্রীদের প্রদর্শন বা বিদ্যালয়ের সামগ্রিক প্রদর্শনের উপর প্রভাব বিস্তার করে।

**নির্দেশাবলি ঃ**

- প্রত্যেক নিয়মিত ব চুক্তিভিত্তিক শিক্ষক-শিক্ষয়িত্রীদের তাদের যাবতীয় তথ্য পুরুষ এবং মহিলা বিভাগে দিতে হবে।
- প্রতিটি বিভাগে বর্তমানে বিদ্যালয়ে কর্মরত শিক্ষক-শিক্ষয়িত্রীদের তথ্য বিদ্যালয়ের তরফ থেকে প্রদান করতে হবে ঃ (ক) পুরুষ (প্রশিক্ষিত এবং অপ্রশিক্ষিত) (খ) মহিলা (প্রশিক্ষিত এবং অপ্রশিক্ষিত) (গ) মোট (প্রশিক্ষিত এবং অপ্রতিক্ষিত)
- ৬ এন চি টি ই-র নিয়ম অনুযায়ী যাদের ডিগ্রী বা ডিপ্লোমা আছে তাদের প্রশিক্ষিত শিক্ষক-শিক্ষয়িত্রী হিসাবে গণ্য করা হয়।

- দীর্ঘ সময়ের জন্য ছুটির (এক মাসের বেশি) স্তম্ভে ঃ গত শিক্ষাবর্ষে যে শিক্ষক-শিক্ষয়িত্রীরা একনাগাড়ে বা অংশে এক মাস বা তার বেশি সময়ের জন্য ছুটি নিয়েছেন বিদ্যালয়কে তাদের সংখ্যা দিতে হবে।

স্বল্পকালীন ছুটির (এক সপ্তাহ পর্যন্ত) স্তম্ভে ঃ বিদ্যালয়ের তরফ থেকে সেই সকল শিক্ষক-শিক্ষয়িত্রীদের সংখ্যা দিতে হবে যারা গত শিক্ষাবর্ষে এক সপ্তাহ অথবা এসমাস পর্যন্ত একনাগাড়ে বা অংশ হিসেবে ছুটি নিয়েছিলেন।

৪.২ বিদ্যালয় মূল্যায়ন সংযুক্ত ম্যাট্রিক্স

যুক্তিসহ ব্যাখ্যা ঃ

- সাতটি মূল ক্ষেত্রের সবকয়টির সংকুচিত প্রদর্শনের মাধ্যম হ'ল বিদ্যালয় মূল্যায়ন সংযুক্ত ম্যাট্রিক্স।
- বিদ্যালয়ের প্রদর্শন ব্যাপকভাবে বোঝায় জন্য সংযুক্ত ম্যাট্রিক্সকে বিদ্যালয়ের প্রাথমিক তথ্যের সঙ্গে জড়িত করা উচিত।
- মুখ্য মানদন্ডকে অগ্রাধিকার প্রদানের মাধ্যমে বিদ্যালয় মূল্যায়ন সংযুক্ত ম্যাট্রিক্স পরিবর্তনের প্রক্রিয়ার ব্যবস্থাপনায় বিদ্যালয়কে সক্ষম এবং অধিকারী করে তোলে।

**নির্দেশ ঃ**

- বিদ্যালয়কে সংযুক্ত ম্যাট্রিক্স-এ কেবল 'চেল্‌ফ' বক্স পূরণ করতে হবে।
- প্রত্যেক মুখ্য ক্ষেত্রের প্রতিক্রিয়া ম্যাট্রিক্স এর প্রাসঙ্গিকতাকে মাথায় রেখে বিদ্যালয়কে স্তরগুলো (স্তর ১/২/৩) পূরণ করতে হবে।

৪.৩ বিদ্যালয়ের ধারাবাহিক উৎকর্ষসাধনের পরিকল্পনা

বিদ্যালয়ের উৎকর্ষ সাধনের লক্ষ্য পূরণের দিকে অগ্রসর হওয়ার জন্য গৃহীত কর্মপন্থার উপর ড্যাশবোর্ডের এই অংশটি আলোকপাত করে।

মিশন স্ট্যেটমেণ্ট ঃ স্বকীয় মূল্যায়নের জন্য অনুবর্তী হিসাবে বিদ্যালয়কে মিশন স্টেটমেণ্ট লেখা উচিত। বিদ্যালয়ের মিশন স্টেটমেণ্ট বিদ্যালয় কর্তৃক নির্ধারিত লক্ষ্য প্রাপ্তির ক্ষেত্রে একটি সামগ্রিক দৃষ্টিকোণ প্রস্তুত করে।

**নির্দেশ ঃ**

মিশন ষ্টেটমেন্ট হওয়া উচিত ঃ

- বিদ্যালয় মূল্যায়নেৰ পরিপ্রেক্ষিতে হওয়া উচিত
- দুই-তিনি লাইন (২০-৫০ শব্দের মধ্যে) হওয়া উচিত।
- প্রতি বছর পুনরিক্ষিত এবং নবীকৃত হওয়া উচিত।

উৎকর্ষ সাধনের ক্ষেত্র ঃ

শালা সিদ্ধির ক্রিয়াকলাপ বিদ্যালয় মূল্যায়নকে উৎকর্ষ সাধনের পন্থা হিসাবে এবং বিদ্যালয়ের উন্নয়নকেন্দ্ৰ লক্ষ্য হিসাবে বিবেচনা করে। এই ক্রিয়াকলাপটিকে কার্যক্ষেত্রে রূপান্তরনের সময়ে বিদ্যালয়কে উৎকর্ষ সাধনের স্থানগুলি চিহ্নিত করতে হবে। বিদ্যালয়ের উৎকর্ষ সাধনের ক্ষেত্রগুলিকে অগ্রাধিকার দেওয়ার সময় প্রত্যেক মুখ্য মানদণ্ডের মূল ক্ষেত্রগুলির দিকে সামগ্রিক দৃষ্টিকোণ তৈরী করা, মিশন ষ্টেটমেণ্ট লেখা এবং সেই অনুসারে যথাসম্ভৱ কার্যপন্থা গ্রহণেরে জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের সমর্থন এবং সহযোগীয়ায় সম্ভাব্য পদক্ষেপ গ্রহণ করা উচিত।

**নির্দেশ ঃ**

- মুখ্য ক্ষেত্রের অন্তর্গত মুখ্য মানদণ্ডের অগ্রাধিকারের ভিত্তিতে (নিম্ন, মধ্য, উচ্চ) বিদ্যালয়কে উৎকর্ষ সাধনের জন্য প্রস্তাব উত্থাপিত করা উচিত।
- বিদ্যালয়কে সামগ্রিকভাৱে সেইসকল বিশিষ্ট মুখ্য মানদন্ড চিহ্নিত করা উচিত যার উপর তাৎক্ষণিকভাবে কার্য সম্পাদনের প্রয়োজনীয়তা রয়েছে এবং যা নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পূর্ণ করা যাবে।

- উৎকর্ষ সাধনের কয়েকটি ক্ষেত্রে অধিক সময়ের প্রয়োজন হয় এবং কয়েকটি ক্ষেত্রে কম সময়ের প্রয়োজন হয়।

**প্রস্তাবিত কার্যপ্রণালী ঃ**

**যুক্তিসহ ব্যাখ্যা ঃ**

প্রস্তাবিত কার্যপ্রণালী সেই সংজতায়িত কর্মকে বোঝায় যার সাহায্যে বিদ্যালয়ের উৎকর্ষ সাধন সম্ভব হয়।

**নির্দেশ ঃ**

- প্রস্তাবিত কর্মপন্থা বস্তুনিষ্ঠ এবং কার্যকর হওয়া উচিত।
- প্রস্তাবিত কর্মপন্থার জন্য মুখ্য মানদণ্ডের বিবরণীর উচ্চস্তরীয় বিবরণী ব্যবহার করা উচিত।

**প্রস্তাবিত সহায়তা ঃ**

**যুক্তিসহ ব্যাখ্যা ঃ**

একটি গতিশীল সংস্থা হিসাবে উৎকর্ষ সাধনের জন্য বিদ্যালয়ের সতত সমর্থনের প্রয়োজন। বিদ্যালয় নিজস্ব বিকাশোন্মুখ প্রয়োজনীতার ভিত্তিতেও সাহায্য লাভ করতে পারে।

**নির্দেশ ঃ**

- বিদ্যালয়কে প্রয়োজনীয় নির্দিষ্ট সমর্থনের বিষয়ে উল্লেখ করতে হবে।
- বিদ্যালয়কে চিহ্নিত করতে হবে যে এই সমর্থন; বিদ্যালয়টি মন্ডল পর্যায়ে খন্ড পর্যায়ে, জেলা পর্যায়ে, রাজ্যের আধিকারিকদেফ কাছ থেকে, পার্শ্ববর্তী বিদ্যালয় থেকে বা অন্যান্য সংস্থা থেকে লাভ করতে পারবে।
- বিদ্যালয় সমাজের কাছ থেকে সমর্থন চাইতে পারে এবং অন্যান্য উপলব্ধ সম্পদের ব্যবহারও করচে পারে।

কার্য সম্পাদনের জন্য গৃহীত পদক্ষেপ ঃ

যুক্তিসহ ব্যাখ্যা ঃ

কার্য সম্পাদনের জন্য গৃহীত পদক্ষেপ বাঞ্চিত পরিবর্তনকে লাভ করা এবং সম্পর্কীত মূল মানদন্ডের উৎকর্ষ সাধনকে প্রাসঙ্গিকতা প্রদান করে।

**নির্দেশ ঃ**

- বিদ্যালয় কর্তৃক যদি প্রস্তাবিত কর্মপন্থার বিষয়ে পূর্বে কোনো পদক্ষেপ গ্রহণ করা হয়ে থাকে তবে বিদ্যালয়কে অনিবার্যভাবে তার উল্লেখ করা উচিত।
- প্রস্তাবিত কর্মপন্থার বিষয়ে বিদ্যালয় কর্তৃক যে পদক্ষেপ গৃহীত হয়েছে বা পদক্ষেপ গৃহীত হচ্ছে সেগুলির উল্লেখ করা অতীব প্রয়োজন।
- প্রস্তাবিত কর্মপন্থা ছাড়াও বিদ্যালয় সতত প্রক্রিয়া কর্মপদ্ধতি চালিয়ে যেতে পারে।
- বিদ্যালয়ের উৎকর্ষ সাধন প্রক্রিয়া এবং তার সঞ্চালনে বিদ্যালয়কে বিভিন্ন মূল মানদণ্ডের স্তরগুলির উৎকর্ষ সাধনের জন্য বিদ্যালয় কর্তৃক উৎকর্ষ সাধনের জন্য প্রদত্ত ক্রিয়াকলাপের ঘোষণা করা উচিত।

**পরিবর্তনের প্রশংসা ঃ**

শালা সিদ্ধির মুখ্য মতবাদ হল বিদ্যালয়ের উৎকর্ষ সাধনকে লক্ষ্য হিসাবে গ্রহণ করে বিদ্যালয়ের মূল্যায়ন করা। পরিবর্তনের জন্য গৃহীত পদক্ষেপেকে উৎসাহিত করে ধারাবাহিক উৎকর্ষ সাধনের সংস্কৃতিকে প্রবর্তিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর ফলে শুধুমাত্র যে বিদ্যালয়ের উৎকর্ষ সাধনের ধারাবাহিকতা বজায় রাখার ক্ষেত্রে সহায়ক হবে তা-ই নয়, বরং সমাজের বৃহত্তর গোষ্ঠীকে এই সংস্কৃতিকে অনুভূত করার ক্ষেত্রেও সহায়ক হবে। এর অন্তিম লক্ষ্যপূর্তিতে এটি প্রস্তাবিত যে দেশের সকল বিদ্যালয়ে পরিবর্তন উদ্‌যাপনের জন্য একদিনে বিশেষ কার্যসূচির আয়োজন করা হবে।

**পঞ্চম পদক্ষেপ ঃ**

ওয়ের পোর্টেল বিদ্যালয় মূল্যায়ন ড্যাশবোর্ড আপলোড করা ওয়েরলিঙ্ক ঃ

- অনুগ্রহ করে শালা সিদ্ধি ওয়ের পোর্টেলের বিশদ বিবরণের জন্য ব্যবহারকারী ব্যক্তি পুস্তিকা দেখুন।
- ওয়ের পোর্টেল বিদ্যালয়ের স্বকীয় মূল্যায়নের তথ্য আপলোড করার আগে নিজের সুবিধার জন্য অনুগ্রহ করে ড্যাশবোর্ডের হার্ডকপি পূরণ করুন। আই ডি বানানো এবং পিন (OTP) পাশ ওয়ার্ড তৈরি করার সময় ব্যবহারকারী ব্যক্তি অনুগ্রহ করে এই নির্দেশগুলি অনুসরণ করবেন।

**নির্দেশাবলি ঃ**

- এই ওয়েবসাইট শুধূমাত্র বিদ্যালয়ের অনুমোদিত ব্যক্তিরাই ব্যবহার করবেন।
- Address Bar বিদ্যালয়ের তরফ থেকে http://www.shalasiddhinuepa.org টাইপ করতে হবে।
- স্ক্রীনে ওয়ের পোর্টেলের হোমপেজ খুলে যাবে।
- প্রথম পদক্ষেপ

৫.১ যদি আপনি প্রথমবার ব্যবহার করেন তাহলে নতুন ব্যবহারকারী (New user) - এ ক্লিক করুন।

৫.২ বিদ্যালয়কে শুধূমাত্র বিদ্যালয় পর্যায়ের ব্যবহারকারী ব্যক্তির দ্বারাই লগ ইন করাতে হবে।

৫.৩ একটি ১১ অঙ্কের বৈধ UDISE Code দিন (উদাহরণ স্বরূপে বিদ্যালয়ের ১১ অঙ্কের UDISE Code

৫.৪ সকল বাধ্যতামূলক তথ্যগুলি পূরণ করুন

৫.৫ একটি অনন্য পিন Unique Pin (OTP) চালু করার জন্য মোবাইল নম্বর অথবা ই-মেইল আই ডি বা দুটোই ব্যবহার করুন।

৫.৬ পিন (OTP) আসার পর বৈধ পিন () দিন যা আপনি আপনার মোবাইল বা ই-মেলের মাধ্যমে পেয়েছেন।

**টিকা ঃ** যদি ১২০ সেকেন্ডরর মধ্যে আপনি পিন বা (OTP) না পান, তাহলে পূনরায় অ'টিপি লাফ করার জন্য Regenerate Pin-এ ক্লিক করুন।

৫.৭ সাব্‌মিট-এ ক্লিক্ করুন।

ক) যদি আপনি ৬ অঙ্কেৰ বৈধ পিন দিয়ে থাকেন তাহলে আপনি পরবর্তী ধাপে যেতে পারবেন।

খ) যদি আপনার পিন (OTP) বৈধ না হয় তাহলে স্ক্রীনে পিন (OTP) অস্বীকৃত হয়েছে বলে একটি বার্তা চলে আসবে।

গ) অনুগ্রহ করে আপনার লগ-ইন আই ডি, পাসওয়ার্ড, পিন ভবিষ্যতে ব্যবহার করার জন্য নিরাপদে রাখুন।

ঘ) যদি আপনি আপনার পাসওৰার্ড ভূলে যান তাহলে পাসওয়ার্ড ভুলে গেছেন (ফরগেট পাসওয়ার্ড ক্লিক করুন) মনে রাখবেন, যদি আপনি আপনার OTP ভূলে যান তাহলে দয়া করে নিজের পঞ্জিভূক্ত মোবাইল নং বা মেল আই ডি দেখুন।

ঙ) যদি আপনি আপনার পঞ্জিকৃত মোবাইল নং বা ই-মেল আই ডি মনে করতে না পারেন তাহলে প্রশাসকের (Administrator) সঙ্গে যোগাযোগ করুন।

**দ্বিতীয় পদক্ষেপ ঃ**

৫.৮ নতুন পাসওয়ার্ড তৈরী করুন এবং পাসওয়ার্ড নিশ্চিত করুন। (নিয়ম পাসওয়ার্ডটি ৮-১০ অক্ষরের হতে হবে। তার মধ্যে অন্ততপক্ষে একটি ছোটো হাতের অক্ষর, একটি বড়ো হাতের অক্ষর, একটি সংখ্যা এবং একটি বিশেষ চিহ্ন (! @ # $ % ^ & * () + =) থাকতে হবে।

(ক) পাসওয়ার্ড সফতারে তৈরি হলে হোমপেজ খুলে যাবে।

(খ) যদি পাসওয়ার্ড নিয়ম অনুযায়ী না হয় (৫.৭ দ্রষ্টব্য) তাহলে একটি বৈধতার বার্তা (validation Message) দেখানো হবে।

(গ) পাসওয়ার্ড সফলভাবে তৈরি হয়ে যাবার পর বিদ্যালয় নিজের স্ক্রীনের বাঁ দিকের আইকনে ক্লিক করতে পারবে এবম ড্যাশবোর্ড ভর্তি করতে পারবে।

(ঘ) প্রত্যেক স্তরের সফল সমাপ্তির জন্য সাবমিট-এ ক্লিক করে পরবর্তী স্তরের দিকে এগিয়ে যান।

(ঙ)প্রত্যেক স্তরের সফলভাবে জমা (submit) হওয়ার পর হোম পেজের আইকনটি সবুজ রঙের হয়ে যাবে।

**তৃতীয় পদক্ষেপ ঃ**

৫.৯ মনে রাখবেন, শেষবার জমা (final submit) করার পর, আপনি ড্যাশবোর্ডে কোনো তথ্যের সম্পাদনা বা পরিবর্তন করতে পারবেন না। শেষবার জমা করার পর বিদ্যালয়ে যদি কোনো তথ্যের সম্পাদন করতে চায় তাহলে প্রশাসকের সঙ্গে যোগাযোগ করতে পারে এবং আনফ্রিজ (unfreeze)-এ ক্লিক করে তথ্য সম্পাদন করতে পারবে।

৫.১০ বিদ্যালয়ের ব্যবহারকারীরা স্বকীয় মূল্যায়নের প্রতিবেদন বিভিন্ন পদ্ধতিতে (PDF, Excel) নিজেরে কাছে রাখতে পারবেন।

৫.১১ ওয়ের পোর্টেলের সঙ্গে জড়িত যে কোনো প্রশ্ন (www.nuepa.org) এ ই-মেল করতে পারেন।

**মনে ৰাখবেন**

- (ছাত্র-ছাত্রী, শিক্ষক-শিক্ষয়িত্রীদের) তথ্য পূরনের জন্য দয়া করে গত বছরের তথ্য ব্যবহার করুন এবং সাতটি মুখ্য ক্ষেত্রের জন্য চলিত বর্ষের তথ্য ব্যবহার করুন এবং সাতটি মুখ্য ক্ষেত্রের জন্য চলিত বর্ষের তথ্য ব্যবহার করতে হবে।
- প্রত্যেক স্তরের তথ্য পূরণ করার আগে তার শীর্ষক মন দিয়ে পড়বেন।

বিদ্যালয় মানদণ্ড এবং মূল্যায়ন একক রাষ্ট্রীয় শৈক্ষিক পরিকল্পনা ও প্রশাসনিক বিশ্ববিদ্যালয় ১৭-বি শ্রীঅরবিন্দ মার্গ, নতুন দিল্লি-১১০১৬ (ভারত), ই পি এ বি এক্স নং ঃ ২৬৫৬৫৬০০, ২৬৫৪৪৮০০

ফ্যাক্স ঃ ৯১-০১১-২৬৮৫৩০৪১, ২৬৮৬৫১৮০

ই-মেল ঃ usse@nuepa.org

ওয়েব সাইট ঃ www.nuepa.org, www.nuepa.eduplan.nic.in

# বাহ্যিক মূল্যায়ন

শালা সিদ্ধি ঃ উৎকর্ষ সাধনের জন্য মূল্যায়ন বিদ্যালয়ের বাহ্যিক মূল্যায়ন নির্দেশাবলী
রাষ্ট্রীয় শৈক্ষিক পরিকল্পনা ও প্রশাসনিক সংস্থা, (নীউপা), ২০১৮ (বিশ্ববিদ্যালয় হিসাবে গণ্য)
প্রকাশিত ঃ আগষ্ট, ২০১৮ (১০০০ প্রতিলিপি)
নিবন্ধক, রাষ্ট্রীয় শৈক্ষিক পরিকল্পনা ও প্রশাসনিক সংস্থা (নিউপা) ১৭-বি শ্রীঅরবিন্দ মার্গ, নতুন দিল্লি - ১১০০১৬ কর্তৃক প্রকাশিত এবং ডিজাইনড এক্সপ্রেশানস্ নতুন দিল্লী কর্তৃক পরিকল্পিত এবং মেসার্স ভিভা প্রেস প্রাঃ লিঃ ওখলা ঔদ্যোগিক এলাকা, পর্যায়ে২
নতুন দিল্লী- ১১০০২০ কর্তৃক মূদ্রিত

শালা সিদ্ধি
উৎকর্ষ সাধনের জন্য মূল্যায়ন
বিদ্যালয়ের বাহ্যিক মূল্যায়নের নির্দেশাবলি

রাষ্ট্রীয় শৈক্ষিক পরিকল্পনা ও প্রশাসনিক সংস্থা
(বিশ্ববিদ্যালয় হিসাবে গণ্য)
১৭-বি, শ্রীঅরবিন্দ মার্গ, নতুন দিল্লী-১১০০১৬ (ভবেত)
শালা সিদ্ধির মূল দলের সদস্যবৃন্দ
প্রফেসর প্রণতি পান্ডা
ড° রশ্মিতা দাস সোয়াইন
ড° হেমাম করুণা দেবী
ড° সঞ্চিতা বর্মা
শ্রীবিশ্ববাসু সোয়াইন

বাহ্যিক মূল্যায়নের নির্দেশাবলি নামক এই পুস্তিকাটি শালা সিদ্ধির মূল দলের সদস্যদের এবং নোডাল আধিকারীকদের সঙ্গে পরামর্শ মর্মে নথিভুক্ত এবং চূড়ান্ত করা হয়েছে। এছাড়াও এটির চূড়ান্ত রূপ প্রদানে বিভিন্ন জাতীয় সংগঠনের এবং বেসরকারী সংস্থার বাহ্যিক বিশেষজ্ঞরাও বিভিন্নভাবে সাহায্য করেছেন।

## বিদ্যালয়ের বাহ্যিক মূল্যায়নের নির্দেশাবলি

বাহ্যিক মূল্যায়ন ঃ বিদ্যালয়ের উৎকর্ষ সাধনের উদ্দেশ্যে গৃহীত এক সামগ্রিক পন্থা

বিদ্যালয়ের বাহ্যিক মূল্যায়নকে স্বকীয় মূল্যায়ন প্রক্রিয়ার পরিপূরক হিসাবে কাজ করতে পারে। একটি সহযোগী বাহ্যক মূল্যায়ন প্রক্রিয়ার লক্ষ্য হল স্বচ্ছতা, যথাযথ্য এবং বিদ্যালয়ের সামগ্রিক উৎকর্ষ সাধন প্রক্রিয়ায় উন্নত বোঝাপড়ার পরিবেশ গড়ে তোলা।

**উদ্দেশ্য**

বিদ্যালয়ের বাহ্যিক মূল্যায়নের উদ্দেশ্যসমূহ হ'ল—

১। বিদ্যালয়ের সামর্থ এবং উন্নতি সাধনের ক্ষেত্রগুলি শনাক্ত করণে সাহায্যের জন্য বিদ্যালয়ের প্রদর্শন পুনরীক্ষণ করা যাতে বিদ্যালয়ের স্বকীয় মূল্যায়ন প্রক্রিয়াকে বলৰত পরিপূরক করা যায়।

২। বিদ্যালয়ের সেরা, অভিনব এবং সৃজনাত্মক অনুশীলন গুলিকে সবার দৃষ্টিগোচর করা যায়।

৩। বিদ্যালয়ের প্রদর্শনের ক্রমবর্দ্ধমান উৎকর্ষ সাধনের জন্য তার প্রধান এবং গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলিকে শনাক্ত করতে বিদ্যালয়কে সাহায্য করা।

৪। ক্রমবর্ধমান এবং টেক্সই পদ্ধতিতে উৎকর্ষ সাধনের লক্ষ্যে সহায়তা ও কর্মপন্থা প্রস্তুতের জন্য বিদ্যালয়কে সুবিধা প্রদান করা।

# বাহ্যিক মূল্যায়নের জন্য দল গঠন এবং তাদের ক্ষমতা বর্ধন

বাহ্যিক মূল্যায়নকারীরা বিদ্যালয়ের গন্ডির বাইরে থাকলে ও শিক্ষা পদ্ধতির অন্তঃস্থ ব্যক্তি। বিদ্যালয়সমূহের বাহ্যিক মূল্যায়নের জন্য এবং বিদ্যালয় তথা ছাত্র-ছাত্রীদের উৎকর্ষ সাধনের জন্য প্রতিনিয়ত সমর্থন প্রদান করার জন্য জরি হওয়া নির্দেশাবলি অনুসরণ করে জেলা এবং রাজ্য পর্যায়ের উচ্চপদস্থ আধিকারিকদের দ্বারা বাহ্যিক মূল্যায়নকারীদের দল গঠিত হবে। দল গঠনের পদ্ধতি এবং দলের সদস্যদের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কীয় নির্দেশাবলি সম্বন্ধে কাংক্ষিত সিদ্ধান্ত রাজ্য পর্যায়ে গ্রহণ করতে পারবে। দল গঠনের সময় নিম্নলিখিতগুলি বিচার্য হিসাবে গণ্য হতে পারে।

## বাহ্যিক মূল্যায়নকারীর দল গঠন

| ক্রঃ নং | ক্রিয়াকলাপ | দায়বদ্ধ অংশীদার |
|---|---|---|
| ১ | বাহ্যিক মূল্যায়নকারী বাছাই করা, কৌশল, অভিজ্ঞতা, যোগ্যতা এবং উপলব্ধতার তালিকা প্রস্তুত করা | নোডাল আধিকারিক ও শালা সিদ্ধির মূল সমিতি |
| ২ | দল গঠন, বিদ্যালয়ের আকারের ভিত্তিতে সদস্য সংখ্যা নির্ধারণ (২-৫ জন সদস্য), বিদ্যালয় শিক্ষার সঙ্গে জড়িত শিক্ষাবিদদের আনুপাতিক সংখ্যা যেমন প্রধান শিক্ষক, ডায়েট-এর অধ্যাপক এবং প্রশাসক যেমন জেলা শিক্ষা আধিকারিক, খন্ড শিক্ষা আধিকারিক ইত্যাদি। | মূল্যায়ন দলের দলপতি শনাক্তকরণ সমন্বিতে জেলা পর্যায়ে। |
| ৩ | অন্যান্য প্রশাসনিক ব্যবস্থাপনার সঙ্গে সঙ্গে তাদের দায়িত্ব কর্তব্য সম্পর্কে নীতি নির্ধারণ যেমন থাকা-খাওয়ার ব্যবস্থা, মহার্ঘ ভাতা, ছুটি, ভ্রমণ, বেতন মান ইত্যাদি | রাজ্য পর্যায়ের নির্দেশাবলি অনুযায়ী জেলা শিক্ষা আধিকারিক |
| ৪ | বাহ্যিক মূল্যায়নকারীদের অভিযোজন (অভিযোজনের রূপরেখা এবং সারমর্ম) পৃথকে নথিপত্রে বখরা করা হবে) এটি গৱেষণার পদ্ধতি ও রীতি-নীতি ব্যবহার করে প্রমাণ একত্রীকরণ সমেত কাংক্ষিত ব্যবহার, কৌশল এবং দক্ষতা বিকাশে সাহায্য করে। | প্রশিক্ষণ এজেন্সি বা রাজ্য দ্বারা চিহ্নিত দল |
| ৫ | দায়িত্ব নির্ধারণ এবং আবণ্টন | দলপতি মূল্যায়ন দলের সঙ্গে পরামর্শ করে সদস্যদের দক্ষতা এবং অভিজ্ঞতার উপর ভিত্তি করে দায়িত্ব দেবেন। |
| ৬ | নির্দিষ্ট বিদ্যালয় প্রসঙ্গে শিক্ষক-শিক্ষয়িত্রী, ছাত্র-ছাত্রী, শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ, এবং সমাজের সদস্য সম্পর্কীয় নিদর্শনের উপর সম্মতি | নির্দিষ্ট বিদ্যালয়ে মূল্যায়ন প্রসঙ্গে দলপতি সিদ্ধান্ত নিয়ে বাহ্যিক মূল্যায়নকারীর দল নির্বাচন করবেন। |

যদিও বিদ্যালয়ের স্বকীয় মূল্যায়ন একটি বাৎসরিক প্রক্রিয়া, বাহ্যিক মূল্যায়ন প্রতিটি বিদ্যালয়ের জন্য প্রত্যেক তিন বছরে একবার অনুষ্ঠিত করতে হবে। (হয়তো প্রথম বছরে বা দুই বছর বা তৃতীয় বৎসরে।

- বাহ্যিক মূল্যায়ন প্রক্রিয়া শৈক্ষিক বর্ষ চলাকালিন করানো যেতে পারে এই প্রক্রিয়ায় প্রত্যেক খন্ড পর্যায়ের লক্ষিত সকল বিদ্যালয়ের এক তৃতীয়াংশ বিদ্যালয় অন্তর্ভুক্ত হবে।
- প্রত্যেক বিদ্যালয়ে বাহ্যিক মূল্যায়ন স্বকীয় মূল্যায়ন সমাপ্ত হওয়ার এক সপ্তাহ থেকে দুই মাসের মধ্যে শুরু করতে হবে। এটি বিদ্যালয়ের বৎসরে স্বকীয় মূল্যায়নের ফলাফলের সহায়ক হবে। বাহ্যিক মূল্যায়নের দিন ও সময় বিদ্যালয়ের সঙ্গে পাৰস্পরিক বোঝাপড়ার মাধ্যমে ঠিক করে নিতে হবে।
  বাহ্যিক মূল্যায়ন প্রক্রিয়া
  বাহ্যিক মূল্যায়ন প্রক্রিয়া তিনটি পর্যায়ে সম্পন্ন হবে।

## মূল্যায়নের প্রথম চরণ

| ক্রঃ নং | ক্রিয়াকলাপ | দায়িত্বপ্রাপ্ত অধিকারিক |
|---|---|---|
| ১ | বিদ্যালয় মান এবং মূল্যায়ন রূপরেখা এহং স্বকীয় এবং বাহ্যিক মূল্যায়নের নির্দেশাবলিটি লিখিত আকারে অন লাইনে সহজলভ্য করিয়ে শালা সিদ্ধি সম্পর্কে নিসৃঢ় বোধগম্যতা বিকাশিত করা। | নোডাল আধিকারিক |
| ২ | লিখিত আকারে/অনলাইনে লভ্য বিদ্যালয় স্বকীয় মূল্যায়ন ড্যাশবোর্ডের অধ্যয়ন করা | নোডাল আধিকারিক যে বিদ্যালয়ে মূল্যায়ন করা হবে সেই বিদ্যালয়টি |
| ৩ | বিদ্যালয়ের সঙ্গে পরামর্শ করে মূল্যায়নের তারিখ ঠিক করা | জেলা/খন্ড শিক্ষা আধিকারিক/বাহ্যিক মূল্যায়নকারীর দল/বিদ্যালয় |
| ৪ | বাহ্যিক মূল্যায়নের অন্ততপক্ষে এক সপ্তাহ আগে বিদ্যালয়কে নিম্নলিখিত বিষয় উল্লেখ করে বিজ্ঞপ্তি পাঠাতে হবে যার একটি প্রতিলিপি নোডেল আধিকারীককেও পাঠাতে হবে।<br>১। মূল্যায়নের সময় তালিকা<br>২। এক পৃষ্ঠার একটি বিবরণ যেখানে বাহ্যিক মূল্যায়নের উদ্দেশ্য ও প্রক্রিয়ার পাশাপাশি মত বিনিময়ের আয়োজন করার কথাও উল্লেখ করা হবে। | বাহ্যিক মূল্যায়নকারীর দল |
| ৫ | স্বকীয় মূল্যায়ন প্রক্রিয়ায় ব্যবহৃত তথ্য/সাক্ষ্য প্রমাণ এর তালিকা বখরার জন্য এবং নিজের কাছে রখার জন্য প্রস্তুত করতে হবে | বিদ্যালয় |
| ৬ | নির্দিষ্ট বিদ্যালয় প্রসঙ্গে শিক্ষক-শিক্ষয়িত্রী, ছাত্র-ছাত্রী, শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ, এবং সমাজের সদস্য সম্পর্কীয় নিদর্শনের উপর সম্মতি | নির্দিষ্ট বিদ্যালয়ে মূল্যায়ন প্রসঙ্গে দলপতি সিদ্ধান্ত নিয়ে বাহ্যিক মূল্যায়নকারীর দল নির্বাচন করবেন। |
| ৭ | মূল্যায়ন পূবাভাস<br>মূল্যায়ন প্রক্রিয়াটি বোঝানোর জন্য সভা ঃ পরিচিতিমূলক সভা যেখানে বাহ্যিক মূল্যায়নের প্রক্রিয়া (যা অনুসরণ করতে হবে) সম্পর্কে জানানো | নির্দিষ্ট বিদ্যালয়ে মূল্যায়ন প্রসঙ্গে দলপতি সিদ্ধান্ত নিয়ে বাহ্যিক মূল্যায়নকারীর দল নির্বাচন করবেন। |

# মূল্যায়নের প্রথম চরণ

| ক্রঃ নং | ক্রিয়াকলাপ | দায়িত্বপ্রাপ্ত অধিকারিক |
|---|---|---|
| ৮ | বাহ্যিক মূল্যায়ন ড্যাশবোর্ড সম্পর্কে আলোচনা | বাহ্যিক মূল্যায়নকারীর দল ও বিদ্যালয় |
| ৯ | বিদ্যালয় কর্তৃক দন্ডর সাতটি মুখ্য ক্ষেত্রের সঙ্গে জড়িত সাক্ষ্যগুলি করা (৪৬ টি মুখ্য ক্ষেত্র) | বাহ্যিক মূল্যায়নকারীর দল ও বিদ্যালয় |
| ১০ | বিদ্যালয়র কর্তৃক প্রত্যেক মুখ্য মানদন্ডের উপর প্রদত্ত সিদ্ধান্ত (পেশাদারি সিদ্ধান্ত) পুনরীক্ষণ ও বিশ্লেষণ | বিদ্যালয় ও বাহ্যিক মূল্যায়নকারীর দল |
| ১১ | বিদ্যালয়ের প্রদর্শনের প্রমাণিক তথ্যগুলির সত্যতা প্রতিপন্ন করার জন্য বিদ্যালয়ে ভ্রমণ করা; বিদ্যালয় সম্পর্কে বিস্তৃত তথ্য লাভ করার জন্য বিদ্যালয়ে যাওয়া, শ্রেণিকক্ষ বা অন্যান্য সুবিধাগুলি অবলোকন করা এবং শিক্ষক-অভিভাবক এবং ছাত্র-ছাত্রীদের সঙ্গে মত বিনিময় করা | বাহ্যিক মূল্যায়নকারীর দল |
| ১২ | মুখ্য ক্ষেত্র প্রসঙ্গে ছাত্র-ছাত্রী, অভিভাবক, কর্মচারী, শিক্ষক-শিক্ষয়িত্রী এবং বিদ্যালয় প্রধানের সঙ্গে মত বিনিময়/অবলোকনের মাধ্যমে অতিরিক্ত প্রমাণ একত্রিত করা, এই বনর্য্যোর জন্য সাক্ষাৎ করে শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ এবং দলগত আলোচনা ইত্যাদির মতো উপায় অবলোকন করা যেতে পারে। | বাহ্যিক মূল্যায়নকারীর দল |
| ১৩ | প্রমাণ ভিত্তিক স্পষ্টীকৰণ এবম ন্যায্যতা প্রতিপন্ন করার জন্য সুযোগ প্রদান করে স্বকীয় ও বাহ্যিক মূল্যায়নের প্রতিবেদনের সম্পর্কে বিদ্যালয়ের সঙ্গে সামগ্রিক ও সহযোগীতামূলক আলোচনা করা | বিদ্যালয় ও বাহ্যিক মূল্যায়নকারীর দল |
| ১৪ | মুখ্য মানদণ্ডের প্রসঙ্গে নীতিগতভাবে অগ্রাধিকারের ক্ষেত্রগুলিকে মাথায় রেখে—<br>— বিদ্যালয়ের উৎকর্ষ সাধন বাকাশ সাধনের পরিকল্পনার পুনরীক্ষণ এবং তার সময়োপাগী কার্য্যকরীকরণের পরিকল্পনা প্রস্তুত করা।<br>— ব্যবস্থাপনার পরিবর্তনের জন্য বিদ্যালয় দ্বারা গৃহীত কর্মপন্থা ও উৎকর্ষসাধনের ক্ষেত্রগুলিকে অগ্রাধিকার প্রদান করা | নির্দিষ্ট বিদ্যালয়ে মূল্যায়ন প্রসঙ্গে দলপতি সিদ্ধান্ত নিয়ে বাহ্যিক মূল্যায়নকারীর দল নির্বাচন করবেন। |
| ১৫ | আলোচনা সভা ঃ বিদ্যালয়ের সামর্থ এবং বিকাশসাধনের প্রয়োজন রয়েছে এমন ক্ষেত্রগুলির সম্পর্কে অবগত করানোর জন্য বিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে অভিজ্ঞতার কর্টন করে নেওয়া | নির্দিষ্ট বিদ্যালয়ে মূল্যায়ন প্রসঙ্গে দলপতি সিদ্ধান্ত নিয়ে বাহ্যিক মূল্যায়নকারীর দল নির্বাচন করবেন। |

# মূল্যায়নের শেষে প্রতিবেদন দাখিল

| ক্রঃ নং | ক্রিয়াকলাপ | দায়িত্বপ্রাপ্ত অধিকারিক |
|---|---|---|
| ১ | বিদ্যালয় মূল্যায়ন ড্যাশবোর্ডে বাহ্যিক মূল্যায়নের প্রতিবেদন আপলোড করা | বাহ্যিক মূল্যায়নকারীর দল |
| ২ | বিদ্যালয়ের বর্তমান ও ভবিষ্যৎ কর্মপন্থার বিষয়ে চর্চা করা<br>১। চলিত বর্ষের বিদ্যালয়ের স্বকীয় মূল্যায়নের প্রতিবেদনের পুনরাবৃত্তি<br>২। বিদ্যালয়ের বিকাশ সাধন/বিকাশ পরিকল্পনাগুলি কার্যকরিভাবে বলবৎ করার জন্য অগ্রাধিকারের ক্ষেত্রগুলিতে বিদ্যালয়গুলিকে সাহায্য করা | বিদ্যালয়, বিদ্যালয় পরিচালনা সমিতি এবং বাহ্যিক মূল্যায়নকারীর দল |
| ৩ | অনুসরণ এবং পর্যবেক্ষণ ঃ<br>বিদ্যালয়ের কার্য্যের বিভিন্ন ক্ষেত্রগুলিতে বিদ্যালয়ের বিকাশ সাধন/বিকাশ পরিকল্পনা কার্যকরীকরণের তদারকীকরণের জন্য সময় সাপেক্ষে নিরীক্ষণ করা (প্রত্যেক ছয়মাস অন্তর) | বিদ্যালয় ও বাহ্যিক মূল্যায়নকারীর দল |
| ৪ | স্বকীয় মূল্যায়ন এবং বাহ্যিক মূল্যায়নের প্রতিবেদনের পার্থক্য বুঝতে পারা ঃ বাহ্যিক মূল্যায়নের দ্বিতীয় চক্র থেকে শুরু করতে হবে। | বিশেষজ্ঞ দল/বাহ্যিক মূল্যায়নকারীর দল |

# বাহ্যিক মূল্যায়নের নৈতিক মানদণ্ড

মূল্যায়নকে কার্যকরীভাবে প্রয়োগ করার জন্য উপযুক্ত, নিরপেক্ষ, আইনসিদ্ধ, সঠিক এবং উচিত মানদণ্ড নিম্নলিখিত ধরণের হতে—

১। প্রতিক্রিয়াশীল এবং ব্যাপক অভিযোজন ঃ মূল্যায়নের অংশীদারদের প্রয়োজন এবং পরিস্থিতি সাপেক্ষে সংবেদনশীল এবং প্রতিক্রিয়াশীল হওয়া উচিত।

২। মানৱ অধিকার এবং সন্মান ঃ মূল্যায়ন মানৱ এবং আইনসিদ্ধ অধিকার সংরক্ষণের জন্য অনুষ্ঠিত করা উচিত এবং অংশগ্রহণকারী ও অংশীদারদের মর্যাদা যাতে বজায় থাকে সেদিকে লক্ষ্য রাখা উচিত।

৩। স্পষ্টতা এবং নিরপেক্ষতা ঃ মূল্যায়ন প্রক্রিয়া অংশীদারদের প্রয়োজনীয়তা এবং উদ্দেশ্য পূরণের জন্য বোধগম্য এবং নিরপেক্ষ হতে হবে।

৪। স্পষ্টতা এবং উন্মোচক ঃ মূল্যায়নের মাধ্যমে সকল অংশীদারদের অনুসন্ধান, সীমাবদ্ধতা এবং সিদ্ধান্তের সম্পূর্ণ বিবরণ বিবরণ সরবরাব করা উচিত।

৫। স্বার্থেৰ দ্বন্দ্ব ঃ মূল্যায়নের মানের  সঙ্গে আপোশের সম্ভাবনা রয়েছে এমন প্রকৃত ও অনুভূত স্বার্থের দ্বন্দ্বকে প্রকাশ্যে এবং অকপটে শনাক্ত করা ও তার সমাধান করে।

৬। অবৈধ তথ্য ঃ মূল্যায়নের তথ্য এমন হতে হবে যা উদ্দিষ্ট উদ্দেশ্যকে পূরণ করে এবং বৈধ উদ্ভাসনকে সমর্থন করে।

৭। তথ্য ব্যবস্থাপনা ঃ মূল্যায়নে তথ্য সংগ্রহ পুনরীক্ষণ যাচাই এবং সংরক্ষণ ইত্যাদি পদ্ধতিগতভাবে নিয়োগ করা উচিত।

৮। স্পষ্ট মূল্যায়ন যুক্তি ঃ মূল্যায়ন যুক্তি তথ্য সংগ্রহ এবং বিশ্লেষণ থেকে শুরু করে অনুসন্ধান, ব্যাখ্যা সিদ্ধান্ত এবং রায় পর্যন্ত সুস্পষ্ট ও সম্পূর্ণ লিখিত হতে হবে।

জ্ঞাপন এবং বিবরণী পেশ ঃ মূল্যায়নের জ্ঞাপনে ভ্রান্ত ধারণা, পক্ষপাতিত্ব, বিকৃতি এবং ত্রুটি থেকে রক্ষার জন্য উপযুক্ত সুযোগ এবং সুরক্ষা থাকতে হবে।

বিদ্যালয়ের মান এবং মূল্যায়ন একক রাষ্ট্রীয় শিক্ষা পরিকল্পনা এবং প্রশিক্ষণ প্রতিষ্ঠান

(বিশ্ববিদ্যালয় হিসাবে গণ্য)

১৭-বি, শ্রীঅরবিন্দ মার্গ, নতুন দিল্লী- ১১০০১৬ (ভারত)